পৌর বিএনপি’র নতুন সভাপতি মেঘলা, সম্পাদক সাইদুল

দীর্ঘ ১৬ বছর পর উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হলো মেহেরপুরের গাংনী উপজেলা ও পৌর বিএনপি’র দ্বি-বার্ষিক কাউন্সিল। গতকাল শুক্রবার সকাল ১১টায় গাংনী পাইলট স্কুল অ্যান্ড কলেজ মাঠে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন ও পাইরা উড়িয়ে কাউন্সিলের উদ্বোধন করা হয়।

কাউন্সিলের প্রধান অতিথি ছিলেন, বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির স্থানীয় সরকার বিষয়ক সম্পাদক ও সাবেক সংসদ সদস্য অধ্যক্ষ সোহরাব হোসেন। উদ্বোধন ঘোষণা করেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন।

এসময় আরও উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, সদস্য আলমগীর খান সাতু, ইলিয়াস হোসেন, আব্দুল্লাহ, হাফিজুর রহমান হাফি, হামিদুল হক, রেজাউল হকসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ। অনুষ্ঠানের সঞ্চালক ছিলেন, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউছার আলী। সভাপতিত্ব করেন, গাংনী উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান আমিরুল ইসলাম।

উপজেলা কমিটির সভাপতি হিসেবে রায়পুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আলফাজ উদ্দিন কালু এবং সাধারণ সম্পাদক পদে বামুন্দি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আওয়াল হোসেন বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন। এদিকে কাউন্সিলরদের গোপন ভোটে সাংগঠনিক সম্পাদক পদে বিজয়ী হয়েছেন আবদাল হক (হরিন) ৪০৯ ও মনজুর হোসেন টনিক (টিউবওয়েল) ৩৬০ ভোট।
এদিকে পৌর বিএনপি’র কাউন্সিলে ছিল প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচন। মোট ভোটার ছিলেন ৬৩৯ জন। সভাপতি পদে মকবুল হোসেন

মেঘলা (আনারস) ৫০৩ ভোট পেয়ে সভাপতি নির্বাচিত হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আতিয়ার রহমান (চেয়ার) পান ৫৬ ভোট এবং মনিরুজ্জামান গাড্ডু (ছাতা) পান ৫৪ ভোট। এছাড়া ২৬টি ভোট বাতিল হয়।

সাধারণ সম্পাদক পদে সাইদুল ইসলাম (ফুটবল) ৩৯৪ ভোট পেয়ে বিজয়ী

হন। আব্দুল্লাহ হিল মারুফ পলাশ (মোরগ) পান ২১৫ ভোট। ৩০টি ভোট বাতিল হয়। সাংগঠনিক সম্পাদক পদে অ্যাডাম সুমন (টিউবওয়েল) ৪৫২ ভোট, ইমন হোসেন (হরিণ) ৩৩৯ ভোট পেয়ে নির্বাচিত হয়। এখানে ১৯টি ভোট বাতিল হয়।

গাংনীতে বিএনপি’র বিজয় শোভাযাত্রা অনুষ্ঠিত

গণ-অভ্যুত্থান দিবসের বছরপূর্তি উপলক্ষে মেহেরপুরের গাংনীতে বিশাল বিজয় শোভাযাত্রা ও পথসভা করেছে উপজেলা ও পৌর বিএনপি।

গতকাল বুধবার বিকাল সাড়ে ৫টায় গাংনী উপজেলা বিএনপি কার্যালয় থেকে শুরু হয়ে শোভাযাত্রাটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে বড় বাজারে গিয়ে শেষ হয়।

সাবেক এমপি আমজাদ হোসেনের নির্দেশে অনুষ্ঠিত এই কর্মসূচিতে অংশ নেন বিভিন্ন ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের নেতাকর্মীরা। বিভিন্ন এলাকা থেকে খণ্ড খণ্ড মিছিল এসে একত্রিত হয় মূল শোভাযাত্রায়।

শোভাযাত্রা শেষে বড়বাজার এলাকায় সংক্ষিপ্ত পথসভায় বক্তব্য রাখেন, গাংনী উপজেলা যুবদলের সাবেক সভাপতি সাজেদুর রহমান বুলবুল, বিএনপি নেতা

মোস্তাফিজুর রহমান, পৌর বিএনপি’র সাবেক সহ-সভাপতি সুজন মাহমুদ, আবুল কালাম আজাদ, সিরাজুল ইসলাম, ইয়ামিন বাবলু প্রমুখ। এসময় বিভিন্ন সহযোগী সংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী এতে অংশ নেন।

মুজিবনগরে উপজেলা বিএনপি’র বিজয় মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত

৫ই আগষ্ট ছাত্র জনতার ঐতিহাসিক গণ-অভ্যুথানের বর্ষপূর্তী উপলক্ষে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজারে বিশাল বিজয় মিছিল ও সমাবেশ করেছে উপজেলা বিএনপি।

৫ই আগষ্ট ছাত্র জনতার ঐতিহাসিক গণ-অভ্যুথানের বর্ষপূর্তী উপলক্ষে গতকাল মঙ্গলবার বিকেলে মুজিবনগর উপজেলা বিএনপি’র কার্যলয় থেকে জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম আহ্বায়ক ও মুজিবনগর উপজেলা বিএনপি’র নব-নির্বাচিত সভাপতি আমিরুল ইসলামের নেতৃত্বে উপজেলার কেদারগঞ্জ বাজারে বিশাল বিজয় মিছিল অনুষ্ঠিত হয়।

বাদ্যযন্ত্রের তালে নেচে গেয়ে শ্লোগানে শ্লোগানে ছাত্র-জনতার ঐতিহাসিক বিজয় উদযাপন করে উপজেলা বিএনপি’র নেতাকর্মী ও সমর্থকবৃন্দ। এ সময় আশে পাশের নারী পুরুষ সহ সাধারণ মানুষ রাস্তার পাশে ভিড় করে এই বিজয় মিছিল দেখতে। এ সময় তাদের চোখে মুখে ছিল আনন্দ ও তৃপ্তির হাঁসি ।

বিজয় মিছিলে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা বিএনপি’র নব-নির্বাচিত সাধারণ সম্পাদক ও জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য হাজী মশিউর রহমান। উপজেলা বিএনপি’র নব-নির্বাচিত সাংগঠনিক হারুন-অর-রশিদ, বাগোয়ান ইউনিয়ন বিএনপি’র সভাপতি রফিকুল ইসলাম, মোনাখালি ইউনিয়ন বিএনপি’র সভাপতি রাইহান কবির, সাধারণ সম্পাদক আনিছুজ্জান টুটুল দারিয়াপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি হাফিজুর রহমান, সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, মহাজনপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি আশরাফুল হক কালু, সাধারণ সম্পাদক সোনা গাইন। উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, জেলা সেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক সালাউদ্দিন প্রিন্স, মেহেরপুর সরকারী কলেজ ছাত্রদলের আহ্বায়ক ফাইম আহনাফ লিংকন সহ মুজিবনগর উপজেলার প্রত্যেক ইউনিয়নের ওয়ার্ড বিএনপি’র সভাপতি, সাধারণ সম্পাদক সহ উপজেলা, ইউনিয়ন, ওয়ার্ড বিএনপি, যুবদল, সেচ্ছাসেবক দল, ছাত্রদলের অসংখ্য নেতাকর্মী ও সমর্থকবৃন্দ।

বিজয় মিছিলে আগে উপজেলা বিএনপি’র কার্যালয় প্রাঙ্গনে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম আহবায়ক ও

মুজিবনগর উপজেলা বিএনপি’র নব-নির্বাচিত সভাপতি আমিরুল ইসলাম তার বক্তব্যে বলেন, মুজিবনগর উপজেলা বিএনপি আপনাদের নেতৃত্বে ঐক্যবদ্ধ আছে। আপনাদের বলতে চাই আগামী দিনে আরো পরীক্ষা আছে, আরো ষড়যন্ত্র আছে, সব ষড়যন্ত্র পরীক্ষা মোকাবেলা করে মুজিবনগর উপজেলা বিএনপি ঐক্যবদ্ধ থাকবে।

তিনি আরো বলেন, আমরা ইদানিং দেখছি যারা আমাদের কমিটিকে কোনদিন মানতে পারেনি যারা বলেছে আজ কমিটি ভাঙবো ঈদের পরে কমিটি ভাঙবো, কুরবানী ঈদের পরে কমিটি ভাঙবো। আমরা বলেছিলাম কেয়ামত পর্যন্ত এই কমিটি ভাঙার কোন সুযোগ নেই। আমরা বলছি এখনো সময় আছে আসেন ঐক্যবদ্ধ হয়ে বিএনপি করি, তারেক রহমানের নেতৃত্বে বিএনপি করি, বেগম খালেদা জিয়ার নেতৃত্বে বিএনপি করি। শহীদ জিয়ার আদর্শে আদর্শিত হয়ে সবাই একসাথে দল করি। সবার আগে বাংলাদেশ। আগামী নির্বাচনে বেগম খালেদা জিয়াকে প্রধানমন্ত্রী না করা পর্যন্ত এবং ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে দেশে ফিরিয়ে না আনা পর্যন্ত আমাদের সংগ্রাম চলবে।

চুয়াডাঙ্গায় সাপ্তাহিক সাহিত্য আসর ‘পদধ্বনি’ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের নিয়মিত সাপ্তাহিক সাহিত্য আসর ‘পদধ্বনি’-এর ১৫৮১তম পর্ব অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেল চারটায় চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের শহীদ আলাউল হলে এর আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন পরিষদের সভাপতি ইকবাল আতাহার তাজ। আসরের শুরুতে সাহিত্য পরিষদের তরুন লেখক নুরুজ্জামান নুরুর আকর্ষিক মৃত্যুতে তার আত্মার মাগফেরাত কামনা করা হয়। একই সাথে পরিষদের অন্যতম প্রতিষ্ঠাতা হামিদুল হক মুন্সির সুস্থতা কামনা করে দোয়া করা হয়।

সাহিত্য পরিষদের অর্থ সম্পাদক মিম্মা সুলতানা মিতার সঞ্চালনায় স্বরচিত কবিতা পাঠ করেন আব্বাস উদ্দীন, লতিফা রহমান বনলতা, শহিদুল ইসলাম, হারুন-অর-রশিদ, চিশতী এম এ হামিদ, গুরু কাজল

মল্লিক, মর্জিনা খাতুন, হুমায়ুন কবীর, আবু নাসিফ খলিল, গোলাম কবীর মুকুল ও আসমানী খাতুন। নাটক পাঠ করেন মো. আলাউদ্দীন। রবীন্দ্রনাথের বর্ষা কবিতা আবৃত্তি করেন সরদার আলী হোসেন।

পঠিত লেখাগুলো নিয়ে আলোচনা করেন ইকবাল আতাহার তাজ, হুমায়ুন কবীর, আবু নাসিফ খলিল ও কাজল মাহমুদ। আসরে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান হাবিবুর রহমান এমপি। সভাপতির সমাপনী বক্তব্যের মধ্যদিয়ে ‘পদধ্বনি’ আসরের ১৫৮১তম পর্বের সমাপ্তি ঘটে।

মুজিবনগরে উপজেলা দিবস ও উন্নয়ন মেলা অনুষ্ঠিত

মুজিবনগরে সমৃদ্ধি কর্মসূচির আওতায় উপজেলা দিবস ও উন্নয়ন মেলা, ক্রীড়া, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকাল থেকে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির মুজিবনগর সমৃদ্ধি শাখার উদ্যোগে মুজিবনগর উপজেলা পরিষদ প্রাঙ্গণে উপজেলা পর্যায়ে ক্রীড়া সাংস্কৃতিক ও উন্নয়ন মেলার আয়োজন করা হয়।

মুজিবনগরের প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় প্রবীণ জনগোষ্ঠী, উন্নয়নে যুব সমাজ কর্মসূচির আওতায় যুব সমাজ, কৈশোর কার্যক্রমের আওতায় কিশোর কিশোরী, এছাড়াও ভিন্ন ভিন্ন স্টলের মাধ্যমে সমৃদ্ধি কর্মসূচির বিভিন্ন কার্যক্রম তুলে ধরা হয়েছে। অংশগ্রহণকারীদের মধ্যে থেকে প্রতিটা ইভেন্ট হতে প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্থান বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

এছাড়া সাংবাদিকতায় অবদানের জন্য বিশিষ্ট সাংবাদিক হাসান মোস্তাফিজুর রহমান, সাংস্কৃতিক ব্যক্তিত্ব আমজাদ হোসেন, ক্রীড়া ব্যক্তিত্ব সোহেল রানাকে বিশেষ সম্মাননা স্মারক প্রদান করা হয়। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত বিশিষ্ট ব্যক্তিগণকে সম্মাননা স্মারক প্রদান করা হয় ।

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির পরিচালক কামরুল আলম এর সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন, উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল। এসময় উপস্থিত ছিলেন, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি মিজানুর রহমান উপজেলা শিক্ষা অফিসার হাফিজুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার মাহমুদুল হাসান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিব উদ্দিন।

উপস্থিত অতিথিবৃন্দকে সমৃদ্ধি কর্মসূচির পক্ষ থেকে সম্মাননা স্মারক প্রদান করা হয়। উপস্থিত ছিলেন, উপজেলা কর্মসূচি সমন্বয়কারী
হাসানুজ্জামান, সহকারি উপজেলা কর্মসূচি সমন্বয়কারী, রহিম আক্তার। সভাপতি বক্তব্যের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করা হয়।

মুজিবনগর উপজেলা বিএনপির দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগর উপজেলা বিএনপির দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৩ জুলাই) সকাল ১১টায় মুজিবনগর উপজেলার রামনগর ফুটবল মাঠে এ সম্মেলনের আয়োজন করা হয়।

সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় নির্বাহী কমিটির খুলনা বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক বাবু জয়ন্ত কুমার কুন্ডু।

মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন সম্মেলন উদ্বোধন করেন। জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ ও জেলা বিএনপির সদস্য রোমানা আহম্মেদ।

এসময় আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য ইলিয়াস হোসেন, আব্দুল আউয়াল, খাইরুল বাশার, হাফিজুর রহমান হাফি, আব্দুল্লাহ, মীর ফারুক, রেজাউল হক, মকবুল হোসেন মেঘলা, ওমর ফারুক লিটন, আলফাজ উদ্দীন কালু, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহসহ জেলা ও উপজেলা বিএনপির নেতাকর্মীরা।

সম্মেলনে নেতারা বর্তমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে আলোচনা করেন এবং দলকে সংগঠিত ও শক্তিশালী করার জন্য ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

গাংনীতে জেলা পর্যায়ে জাতীয় কুরআন প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে জেলা পর্যায়ে বাছাইপর্ব জাতীয় হিফজুল কুরআন প্রতিযোগীতা-২০২৫ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৭ জুলাই) দুপুরে গাংনীর সন্ধানী স্কুল পাড়ার নুর মোহাম্মদ রাবেয়া দারুল উলুম হাফিজিয়া মাদ্রাসায় এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

আহলুস্ সুন্নাহ হুফ্ফাজ ফাইন্ডেশন বাংলাদেশ জেলার বিভিন্ন কওমী মাদ্রাসার শিক্ষার্থীদের নিয়ে এই প্রতিযোগীতার আয়োজন করে। কুরআন প্রতিযোগীতা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নুর মোহাম্মদ রাবেয়া দারুল উলুম হাফিজিয়া মাদ্রাসার চেয়ারম্যান মোঃ এনামুল হোসেন।
প্রধান অতিথির বক্তব্য রাখেন, আহলুস সুন্নাহ হুফ্ফাজ ফাউন্ডেশন বাংলাদেশের প্রশিক্ষন সেন্টারের প্রশিক্ষক হাফেজ ক্বারী হাফিজুর রহমান রাফি।
বিশেষ অতিথি ছিলেন গাংনী তালিমুল কুরআন একাডেমীর অধ্যক্ষ ও দারুসসালাম জামে মসজিদের খতিব মাওলানা হাফেজ রুহুল আমিন, দৈনিক নয়া দিগন্ত পত্রিকার গাংনী উপজেলা সংবাদদাতা প্রকৌশলী রাশিদুল

ইসলাম বোরহান।
অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন নুর মোহাম্মদ রাবেয়া দারুল উলুম হাফিয়া মাদ্রাসার শিক্ষক আলহাজ্ব হাফেজ মোঃ আমজাদ হোসেন, শিক্ষক হাফেজ মাওলানা আরিফুল ইসলাম, হাফেজ আব্দুল্লাহ আল মামুন, সমাজ সেবক হাসান সাঈদ সরোয়ার, বিশিষ্ট ব্যবসায়ী মনিরুল ইসলাম, সাজ সেবক মোঃ আকবর হোসেন প্রমুখ।
প্রতিযোগিতায় গাংনীর নুর মোহাম্মদ রাবেয়া দারুল উলুম হাফিজিয়া মাদ্রাসা, ছাতিয়ান হাফিজিয়া ক্বওমী মাদ্রাসা , ফজলুল উলুম ক্বওমী মাদ্রাসা ও গাড়াবাড়ীযা আশরাফুল উলুম ক্বওমী মাদ্রাসার শিক্ষা র্থীরা অংশগ্রহণ করে।
দুইটি ইভেন্টে (ক্বিরাত শাখায় ১১ ও হেফজ শাখায় ১৫ জন) মোট ২৬ জন প্রতিযোগী অংশ গ্রহণ করেন।
গাংনীর বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে জুলাই অভ্যুত্থান প্রমিলা ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে জাতীয়তাবাদী দল বিএনপি’র কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে জুলাই অভ্যুত্থান প্রমিলা ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকালে গাংনী উপজেলার সাহারবাটি মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত টুর্নামেন্টে ঢাকা বিভাগ প্রমিলা ফুটবল একাশদকে ১-০ গোলে হারিয়ে উদ্বোধনী ম্যাচ জয়লাভ করে রংপুর বিভাগ প্রমিলা ফুটবল একাদশ।

মেহেরপুর-২ আসনের সাবেক এমপি আমজাদ হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই টুর্নামেন্টের উদ্বোধন করেন।

এসময় গাংনী উপজেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু বিশেষ অতিথির বক্তব্য রাখেন।

খেলায় ধারাভাষ্যকার ছিলেন বিএনপি নেতা সুলেরী আলভী।

টুর্নামেন্টে ঢাকা, রংপুর, কুষ্টিয়া মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলার ১৬ টি প্রমিলা টিম অংশ নিচ্ছে।

দীর্ঘদিন পর ফুটবল টুর্নামেন্টের আয়োজন হওয়ায় এলাকার প্রায় অর্ধলক্ষ নারী পুরুষ উপভোগ করেন। মিনি স্টেডিয়ামে কানায় কানায় দর্শক উপস্থিত ছিলেন। এসময় বিভিন্ন বয়সী নারীরা খেলাটি উপভোগ করেন।

আত্মহত্যা প্রতিরোধে হরিণাকুণ্ডুতে উঠান বৈঠক অনুষ্ঠিত

‘জীবনকে ভালোবাসুন, আত্মহত্যাকে না বলুন’ এই শ্লোগানকে সামনে রেখে হরিণাকুণ্ডু উপজেলা প্রশাসনের উদ্যোগে বিশেষ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (৮ জুন) সকাল ১১টায় উপজেলার ৬নং ফলসী ইউনিয়ন পরিষদের সম্মেলন কক্ষে এই বৈঠক অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার বি এম তারিক উজ-জামানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক আব্দুল আওয়াল, এছাড়াও উপস্থিত ছিলেন ফলসী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অ্যাড. বজলুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার মুন্সী ফিরোজা আক্তার, উপজেলা সমাজসেবা অফিসার শিউলী রানী, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার নাসরিন, উপজেলা তথ্যসেবা কর্মকর্তা প্রমুখ। বৈঠকে প্রধান অতিথি উপস্থিত নারীদের আত্মহত্যার নেতিবাচক দিকগুলো তুলে ধরে বলেন আত্মহত্যা কোন সমাধান নয়, জীবনকে ভালবাসুন তাহলে দেখবেন সকল সমস্যা একসময় সমাধান হয়ে যাবে।

বৈঠক শেষে ফলসী ইউনিয়নের ২০২৫-২০২৬ ভিডাব্লিউবি চক্রে উপকারভোগীদের মাঝে ভিডাব্লিউবি কার্ড বিতরণ করা হয়। প্রধান

অতিথি উপকারভোগীদের হাতে এসব কার্ড তুলে দেন।

দর্শনায় পবিত্র আশুরা উপলক্ষে দোয়া মাহফিল অনুষ্ঠিত

দর্শনার বিভিন্ন স্থানে পবিত্র আশুরা পালিত হয়েছে। গত রবিবার দর্শনা পৌর এলাকায় পবিত্র আশুরা উপলক্ষে ছিন্নি বিতরণ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। তবে প্রতিবছর দর্শনা চটকাতলা ছিয়া মুসলিমরা তাজিয়া উত্তোলন করলেও এবারের আশুরায় তাজিয়া উত্তোলন করেননী।

এ বিয়ষ জানতে চাইলে মিষ্টার ও মনজুর জানান, এ বছর প্রতিদিন বৃষ্টি হচ্ছে। ফলে বৃষ্টির করণে এবার তাজিয়া উত্তোলন করা সম্ভব হয়নি। তবে আমার প্রতি বছরের ন্যায় এলাকার ছোট ছোট ছেলে মেয়েদের মধ্যে ছিন্নি বিতরণ ও দোয়া মাহফিল করা হয়েছে। এছাড়া দর্শনা পৌর এলাকায় সুন্নি মুসলিমরা ছিন্নি বিতরণ করেছে।

এদের মধ্যে রামনগর বটতলা ক্লাব, দর্শনা চটকাতলা বিহারী পট্টি, ঈশরচন্দ্র পুর ইট ভাটা পাড়া যুব সমাজ, পরানপুর বেকার মোড়ের পাপ্পু, আলো, মামুন, হামিদুল, শিমুলসহ বেশ কিছু যুবদের উদ্যোগে ২ দফায় ছিন্নি বিতরণ ও দোয়া মাহফিল করা হয়।

এছাড়া দর্শনা পৌর এলাকার বেশ কিছু স্থানে ছিন্নি বিতরণ ও দোয়া মাহফিল করা হয় বলে জানা গেছে।